

■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৮১৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮১৩]

৩/ পোষাক-পরিচছদ (کتاب اللباس)

পরিচ্ছেদঃ ১২৫: নতুন কাপড় বা জুতা ইত্যাদি পরার সময় কী বলতে হয়?

(125) بَابُ مَا يَقُوْلُ إِذَا لَبِسَ ثَوْبًا جَدِيْدًا أَوْ نَعْلًا أَوْ نَحْوَهُ

আরবী

عَن أَبِي سَعِيدِ الخُدْرِيِّ رضي الله عنه، قَالَ: كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم إذا اسْتَجَدَّ ثَوباً سَمَّاهُ بِاسْمِهِ _ عِمَامَةً، أَوْ قَميصاً، أَوْ رِدَاءً _ عَلَى الله عليه وسلم إذا اسْتَجَدَّ ثَوباً سَمَّاهُ بِاسْمِهِ _ عِمَامَةً، أَوْ قَميصاً، أَوْ رِدَاءً _ يَقُولُ: اَللهم لَكَ الْحَمْدُ أَنْتَ كَسَوْتَنِيهِ، أَسْأَلكَ خَيْرَهُ وَخَيْرَ مَا صَنْعَ لَهُ، وَأَعوذُ بِكَ مِنْ شَرِّهِ وَشَرِّ مَا صَنْعَ لَهُ، وَأَعوذُ بِكَ مِنْ شَرِّهِ وَشَرِّ مَا صَنْعَ لَهُ». رواه أَبُو داود والترمذي، وقال: حديث حسن

বাংলা

১/৮১৭। আবৃ সা'ঈদ খুদরী রাদিয়াল্লাহু 'আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন নতুন কাপড় পরতেন, তখন পাগড়ী, জামা কিংবা চাদর তার নাম নিয়ে এই দো'আ পড়তেন,

'আল্লাহ্মা লাকাল হামদু আন্তা কাসাউতানীহ, আসআলুকা মিন খাইরিহী অখাইরি মা সুনি'আ লাহ, অ'আউযু বিকা মিন শার্রিহি অশার্রি মা সুনি'আ লাহ।'

অর্থ- হে আল্লাহ তোমারই নিমিত্তে সমস্ত প্রশংসা, তুমি আমাকে এই (নতুন কাপড়) পরালে, আমি তোমার নিকট এর কল্যাণ এবং এ যার জন্য প্রস্তুত করা হয়েছে তার কল্যাণ প্রার্থনা করছি। আর এর অকল্যাণ এবং যার জন্য এ প্রস্তুত করা হয়েছে তার অকল্যাণ থেকে আমি তোমার নিকট আশ্রয় চাচ্ছি। (আবু দাউদ, তিরমিয়ী হাসান) [1]

بَابُ اِسْتِحْبَابِ الْإِبْتِدَاءِ بِالْيَمِيْنِ فِي اللِّبَاسِ

পরিচ্ছেদ ১২৬: ডান দিক থেকে পোশাক পরা শুরু করা মুস্তাহাব

পোশাক পরিধান করার সময় ডান দিক থেকে শুরু করা উত্তম। এ মর্মে অনেক শুদ্ধ হাদীস ইতোপূর্বে বর্ণনা করা হয়েছে।



English

(125) Chapter: The Supplication When Wearing a New Outfit or Shoes

Abu Sa'id Al-Khudri (May Allah be pleased with him) reported:

When Messenger of Allah () wore a new garment, he would name it. For instance, a turban or shirt or cloak and would supplicate: "Allahumma lakalhamdu, Anta kasautanihi, as`aluka khairahu wa khaira ma suni`a lahu, wa a`udhu bika min sharrihi wa sharri ma suni`a lahu (O Allah, all the praise is for You that You have given it to me to put on. I ask You its goodness and the goodness of the purpose for which it was made, and I seek Your Protection from its evil and the evil of the purpose for which it was made)."

[Abu Dawud and At-Tirmidhi].

Commentary: This Hadith tells us that we should recite the invocation taught by Messenger of Allah (PBUH) on wearing a new dress. Imam An-Nawawi argues that on wearing a new pair of shoes or something like that one should also recite this prayer.

ফুটনোট

[1] তিরমিযী ১৭৬৭, আবূ দাউদ ৪০২০

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন